



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com



স্মারক নং : মাউশিবোর্ড/পনি/পরীঃ/২০২১/৩৫৭৯(৫)

তারিখ : ২৯/০৭/২০২১ খ্রি.

বিষয় : ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী শুধু গ্রুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে।

২। ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ আবশ্যিক।

৩। ক) ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে শুধু গ্রুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

খ) আংশিক বিষয়ে অকৃতকার্য (এক/দুই বিষয়ে অকৃতকার্য) পরীক্ষার্থী যদি নৈর্বাচনিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকে সেক্ষেত্রে পরীক্ষার্থীকে তার অকৃতকার্য নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। উদাহরণস্বরূপ একজন আংশিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী বাংলা (আবশ্যিক বিষয়) ও রসায়ন (নৈর্বাচনিক বিষয়)-এ অকৃতকার্য হলে সেক্ষেত্রে শুধু রসায়ন বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করবে।

গ) আবশ্যিক ও চতুর্থ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে না।

৪। শিক্ষার্থীরা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-এর ওয়েবসাইট থেকে তাদের জন্য প্রদত্ত অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে নির্দেশিকা মোতাবেক সম্পন্ন করবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

বিষয়টি অতীব জরুরী।


২৯/০৭/২০২১

প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সকল প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক ও শিক্ষার্থী।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

৪। অফিস কপি।